

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৭৯

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো উল্লেখিত নিষিদ্ধ কাজের বিরোধী

ذِكْنُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّهُ مُضَادُّ هَذَا الْفِعْلَ الْمَزْجُورَ عَنْهُ

আরবী

3579 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا عِلْمُونِ عَنْ ثَابِتٍ عَنْ مُطَرِّفٍ عَنْ عِمْرَانَ بْنِ حُصَيْنٍ أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم قَالَ لَهُ ـ أَوْ لِرَجُلٍ ـ: (أَصُمُتَ مِنْ سَرَرِ هَذَا الشَّهْرِ شَيْئًا)؟ قَالَ: لَا قَالَ: (فإذا أفطرت فصنمْ يوماً ـ أو يومين ـ)

الراوي: عِمْرَان بْن حُصَيْنٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3579 ا خلاصة حكم المحدث: صحيح _ ((صحيح أبي داود)) (2016): ق.

বাংলা

৩৫৭৯. ইমরান বিন হুসাইন রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে অথবা অন্য এক ব্যক্তিকে বলেছেন, "তুমি কি এই মাসের শেষের দিকে কোন সিয়াম রেখেছো?" সে ব্যক্তি জবাবে বলেন, "জ্বী, না।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যখন তুমি (কোন মাসে) সিয়াম না রাখবে, তখন (অন্তত) এক, দুইদিন সিয়াম রাখবে।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/৪২৮; দারেমী: ২/১৮; সহীহুল বুখারী: ১৯৮৩; সহীহু মুসলিম: ১১৬১; আবূ দাউদ: ২৩২৮; সুনান বাইহাকী: ৪/২১০; খাত্তাবী, মাআলিমুস সুনান: ২/৯৬।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ২০১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন